# উৎসে ভ্যাট কর্তন



কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (পূর্ব), ঢাকা

# উৎসে ভ্যাট কর্তন

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (পূর্ব), ঢাকা

প্রকাশ কাল

২০২৪-২০২৫

প্রকাশক

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
ঢাকা (পূর্ব), ঢাকা

মুদ্রণে

## উৎসে মূল্য সংযোজন কর কর্তন

### ভূমিকা

উৎসে মূল্য সংযোজন কর (মূসক) কর্তন বাংলাদেশের মূসক ব্যবস্থার একটি অনন্য বৈশিষ্ট্য। মূসক ব্যবস্থায় নিবন্ধিত ব্যক্তিকে করদাতা হিসেবে চিহ্নিত করা হয়েছে। নিবন্ধিত ব্যক্তি বা বিক্রেতা তার পণ্য বা সেবা বিক্রির সময় ক্রেতার নিকট হতে মূসক আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করে থাকেন। অর্থাৎ ক্রেতাই হলো মূসকের উৎস। অন্যদিকে ক্রেতা কর্তৃক মূসক কর্তন করে তা সরকারি কোষাগারে জমা প্রদান করে বিধায় এ পদ্ধতিকে মূসক উৎসে কর্তন বলা হয়। সাধারণত উৎসে কর্তনকারী সত্তা প্রতিষ্ঠানকে উৎসে কর্তনের দায়িত্ব প্রদান করা হয়। এ প্রতিষ্ঠানগুলো সংগঠিত প্রকৃতির তাই এ খাতকে সংগঠিত খাতের মূসকও বলা হয়। জাতীয় বাজেটে প্রচেষ্টা নির্ভর খাতের পাশাপাশি সংগঠিত খাতের মূসক আহরণ উল্লেখযোগ্য অংশ দখল করে আছে। আইন প্রতিপালন এবং যথাযথ রাজস্ব আহরণে এ খাতের গুরুত্ব অপরিসীম। উৎসে কর্তনকারী সত্তা উৎসে কর্তনের বিধানাবলী সহজে অবগত করণের হতে পারেন সে লক্ষ্যে প্রয়াসে এ পুস্তিকা প্রকাশ করা হলো।

### আলোচ্য বিষয়

- কে মূসক পরিশোধ করেন?
- উৎসে কর্তনের উদ্দেশ্যে
- কারা উৎসে কর্তন করবেন (উৎসে কর্তনকারী সত্তা)
- যে সকল ক্ষেত্রে উৎসে কর্তন প্রযোজ্য
- যে সকল ক্ষেত্রে উৎসে কর্তন প্রযোজ্য নয়
- সরবরাহকারীর দায়িত্ব
- উৎসে কর্তনকারীর দায়িত্ব
- উৎসে কর্তনকারী যা করতে পারবেন না
- উৎসে কর্তনের কার্যাবলী সম্পন্নের ক্রমপর্যায়
- ক্রয়-পূর্ব কর্মপদ্ধতি
- মূল্যায়নকালীন কর্মপদ্ধতি/করণীয়
- ক্রয় পরবর্তী করণীয়
- অনিবন্ধিত উৎসে কর্তনকারী
- হিসাবরক্ষণ দপ্তরের দায়িত্ব
- সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালনে অবহেলাকারীর দণ্ড ও সুদ
- একটি সরবরাহে একাধিক উপাদান থাকলে করণীয়
- কতিপয় বিশেষ সেবার ব্যাখ্যা
- তৃতীয় তফসিলভুক্ত উলেখযোগ্য পণ্য/সেবা এবং মূসক এর হার
- সাব কন্ট্রাক্ট এর ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য কিনা?
- উৎসে মূসক কর্তন সংক্রান্ত আইনের ধারা, বিধি, প্রজ্ঞাপন, তফসিল ও ফরম
- পরিশিষ্ট মূসক-৬.৩, মূসক-৬.৬, মূসক-১৮.৫



## কে মূসক পরিশোধ করেন?

পণ্য বা সেবার ক্রেতাই মূসক প্রদান করেন। ক্রেতার প্রদত্ত মূসক দুইভাবে সরকারি কোষাগারে জমা হয়।

(১) নিবন্ধিত ব্যবসায়ী পণ্য বা সেবা সরবরাহের সময় ক্রেতার নিকট থেকে মূসক আদায় করেন। আদায়কৃত মূসক ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করেন।

(২) উৎসে কর্তনকারী তার প্রদত্ত মূসক সরবরাহকারীকে না দিয়ে নিজেই মূসক জমা পরিশোধ করার কারণে ইহাকে উৎসে মূসক কর্তন (VAT at source) বলা হয়। তিনি কর্তিত মূসক ট্রেজারি চালানে জমা প্রদান অথবা হিসাবরক্ষণ অফিসের মাধ্যমে সরকারি কোষাগারে স্থানান্তর করতে পারেন।

**উদাহরণ-১:** স্বাভাবিক অবস্থা: একজন ব্যবসায়ী (জামান ট্রেডার্স) জনাব জুয়েল আহমেদ এর নিকট ১০,৫০০ টাকায় একটি টেলিভিশন বিক্রয় করলেন। ১০,৫০০ টাকা বিক্রয় মূল্যের মধ্যে ৫% হারে ৫০০ টাকা ভ্যাট অন্তর্ভুক্ত আছে। জনাব জুয়েল আহমেদ টেলিভিশন ক্রয়ের সময় ভ্যাটসহ মূল্য জামান ট্রেডার্সকে পরিশোধ করেছেন। জামান ট্রেডার্স (ব্যবসায়ী) জনাব জুয়েল আহমেদ (ক্রেতা) এর নিকট থেকে আদায়কৃত ৫০০ টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করবেন।

**উদাহরণ-২:** উৎসে কর্তনের ক্ষেত্রে: একজন উৎসে কর্তনকারী (এবি ব্যাংক লি.) হাসিব এন্টারপ্রাইজ (যোগানদার) এর নিকট থেকে মোট ১০৭৫০ টাকা মূল্যের পণ্য বা সেবা সরবরাহ গ্রহণ করলেন। ১০,৭৫০ টাকার মধ্যে ৭.৫% হারে ৭৫০ টাকা ভ্যাট অন্তর্ভুক্ত আছে। এবি ব্যাংক লি. সরবরাহ মূল্য পরিশোধের সময় ভ্যাট বাবদ ৭৫০ টাকা কর্তন করে যোগানদারকে অবশিষ্ট ১০,০০০ টাকা পরিশোধ করবেন। কর্তিত ৭৫০ টাকা এবি ব্যাংক লি. সরকারি কোষাগারে জমা প্রদান করবেন।

## উৎসে কর্তনের উদ্দেশ্যে

- মূসক সংগ্রহ পদ্ধতি সহজীকরণ;
- সঠিক পরিমাণ মূসক সংগ্রহ;
- ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠানের নিকট থেকে যথাযথ মূসক সংগ্রহ;
- মূসক চেইনকে কার্যকর করতে তথ্য সংগ্রহ; এবং
- কর প্রতিপালন নিশ্চিত করা।

## কারা উৎসে মূসক কর্তন করবেন?

উৎসে মূসক কর্তনকারী সত্তা উৎসে মূসক কর্তন করবেন। নিম্নোক্ত ৫ ধরনের ব্যক্তি/সংস্থা/প্রতিষ্ঠান উৎসে মূসক কর্তন করতে পারেন, যথা-

১। সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা;

২। এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান;

৩। ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান;

৪। মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান; এবং

৫। লিমিটেড কোম্পানি।

৬। দশ কোটি টাকার অধিক বার্ষিক টার্নওভার যুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান।

## যে সকল ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য

টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত কলাম (২) এ বর্ণিত সেবার কোডের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবার বিপরীতে কলাম (৪) এ বর্ণিত হারে আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর্তন করতে হবে; যথা:-

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১. | [S০০১.১০ | এসি হোটেল | ১৫% |
| | S০০১.১০ | নন এসি হোটেল | ৭.৫% |
| | S০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ১৫%] |
| ০২. | S০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | ১৫% |
| ০৩. | S০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ওয়ার্কশপ | ১৫% |
| ০৪. | S০০৩.২০ | ডকইয়ার্ড | ১৫% |



| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) |
| ০৫. | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | | ৭.৫% |
| ০৬. | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | | ১৫% |
| ০৭. | S০০৮.১০ | ছাপাখানা | | ১০% |
| ০৮. | S০০৯.০০ | নিলামকারী সংস্থা | | ১০% |
| ০৯. | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | | ২% |
| ১০. | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% |
| | | | খ) ১৬০১ বর্গফুট হইতে তদুর্ধ্ব | ৪.৫% |
| | | | গ) যেকোন সাইজের পুনঃ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে | ২% |
| ১১. | S০১৪.০০ | ইভেন্টিং সংস্থা | | ১৫% |
| ১২. | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | | ১৫% |
| ১৩. | S০২০.০০ | জরিপ সংস্থা | | ১৫% |
| ১৪. | S০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | | ১৫% |
| ১৫. | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র | (ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫%) | ৭.৫% |
| | | | (খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%) | ৭.৫% |
| ১৬. | S০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | | ১৫% |
| ১৭. | S০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্যমেরামত বা সার্ভিসিং-এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | | ১৫% |
| ১৮. | S০৩২.০০ | কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম | | ১৫% |
| ১৯. | S০৩৩.০০ | ইজারাদার | | ১৫% |
| ২০. | S০৩৪.১০ | অডিট ও একাউন্টিং ফার্ম | | ১৫% |
| ২১. | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | | ১০% |
| ২২. | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | | ১০% |
| ২৩. | S০৪৩.০০ | টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী | | ১৫% |
| ২৪. | S০৪৫.০০ | আইন পরামর্শক | | ১৫% |
| ২৫. | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার | (ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে | ৫% |
| | | | (খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে | ১৫% |
| ২৬. | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ২৭. | S০৫০.০০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | | ১৫% |
| ২৮. | S০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | | ১৫% |
| ২৯. | S০৫১.২০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | | ১৫% |

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৩০. | S০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | ১৫% |
| ৩১. | S০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | ১০% |
| ৩২. | S০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী | ১৫% |
| ৩৩. | S০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী | ১৫% |
| ৩৪. | S০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | ৭.৫% |
| ৩৫. | S০৬৫.০০ | ভবন, মেঝে ও অঙ্গন পরিষ্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা | ১৫% |
| ৩৬. | S০৬৬.০০ | লটারির টিকিট বিক্রয়কারী | ১০% |
| ৩৭. | S০৬৭.০০ | ইমিগ্রেশন উপদেষ্টা | ১৫% |
| ৩৮. | S০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | ১৫% |
| ৩৯. | S০৭২.০০ | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | ১৫% |
| ৪০. | S০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | ৫% |
| ৪১. | S০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | ১৫% |
| ৪২. | S০৯৯.৩০ | স্পন্সরশীপ সেবা (Sponsorship Services) | ১৫% |
| ৪৩. | S০৯৯.৫০ | ক্রেডিট রেটিং এজেন্সি | ৭.৫% |

## যে সকল ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য নয়

(১) উৎপাদনকারী ১৫ (পনেরো) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উলেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(১ক) কোনো সরবরাহকারী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ মূসক হার উলেখপূর্বক পণ্য সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে সরবরাহকারী কর্তৃক সর্বশেষ অর্থ-বৎসরে Integrated VAT Administration System (IVAS) হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহগ্রহীতার নিকট দাখিল করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, যৌক্তিক কোনো কারণে উক্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র পাওয়া না গেলে সংশিষ্ট বিভাগীয় কর্মকতার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহগ্রহীতার নিকট দাখিল করিতে হইবে।]

(২) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উলিখিত সেবা ব্যতীত অন্য কোনো সেবার ক্ষেত্রে সেবা সরবরাহকারী ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সেবা সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৩) জ্বালানি তেল, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিষেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৪) আইনের প্রথম তফসিলে উলিখিত পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৫) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২১ এর আওতায় শূন্যহার বিশিষ্ট সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৬) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উলিখিত বিজ্ঞাপনী সংস্থা এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান শীর্ষক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

[(৭) আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক রাজস্ব কর্মকর্তা প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৮) Electronic Fiscal Device (EFD)/Sales Data Controller (SDC) হইতে ইস্যুকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উলেখ থাকা সাপেক্ষে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৯) যোগানদার হিসেবে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ।

## সরবরাহকারীর দায়িত্ব

(১) সরবরাহকারীকে পণ্য বা সেবা সরবরাহকালে ফরম মূসক-৬.৩ এ কর চালানপত্র ইস্যু করিতে হইবে।

(২) দাখিলপত্র ফরম মূসক-৯.১ এর "অংশ-৩: সরবরাহ প্রদান-প্রদেয় কর" এ মূল্য এবং মূসকের পরিমাণ বা সুনির্দিষ্ট করের পরিমাণ উলেখ করিতে হইবে।

(৩) উৎসে কর্তনকারী সত্তার নিকট হইতে ফরম মূসক-৬.৬ এ উৎসে কর্তন সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে দাখিলপত্রে উৎসে কর্তিত মূসকের সমপরিমাণ বা সুনির্দিষ্ট কর হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবে এবং প্রদেয় কলামে উৎসে কর্তিত সেবা মূল্য ও মূসক উলেখ করা না হইলে সেবা সরবরাহকারী হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন না।

(৪) যে কর মেয়াদে কোনো সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধ করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের পরবর্তী ৩ (তিন) কর মেয়াদে উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।



## উৎসে মূসক কর্তনকারীর করণীয়

(১) সরবরাহকারী কর চালানপত্র (ফরম মূসক-৬.৩) জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোনো সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোনো মূল্য পরিশোধ করিবে না:

[তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, তালিকাভুক্ত নহে বা অনিবন্ধিত এইরূপ কোনো ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহগ্রহীতা দায়ী থাকিবেন।]

(২) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতা নিবন্ধিত হইলে-

[(ক) সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ পরিশোধ সংশিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;]

(খ) উৎসে কর্তিত মূসক সংশিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন ও নিট প্রদেয় করের বিপরীতে ট্রেজারি চালানের মাধ্যমে জমাকৃত উৎসে কর্তিত মূসক সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ, যদি থাকে, নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা করিবেন;

(গ) উৎসে কর্তিত মূসক দফা (ক) অনুযায়ী জমা প্রদানপূর্বক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূলকপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(৩) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতা মূসক নিবন্ধিত না হইলে সরবরাহকারীকে পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন।

(৪) উৎসে কর্তনকারী উৎসে কর্তিত মূসক জমা প্রদানের জন্য ট্রেজারি চালানে অর্থনৈতিক কোড "১/১১৩৩/উৎসে কর্তনকারীর সংশিষ্ট কমিশনারেটের কোড/০৩১১" লিখিতে

হইবে। কমিশনারেটের কোডসমূহ হইল: ঢাকা (পূর্ব) ০০৩০, ঢাকা (পশ্চিম) ০০৩৫, ঢাকা (উত্তর) ০০১৫, ঢাকা (দক্ষিণ) ০০১০, চট্টগ্রাম ০০২৫, কুমিল্লা ০০৪০, সিলেট ০০১৮, রাজশাহী ০০২০, রংপুর ০০৪৫, যশোর ০০০৫, এবং খুলনা ০০০১। এলটিইউ (মূসক) কমিশনারেটের অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০০৬/০৩১১। ট্রেজারি চালানের প্রথম কলামে "যার মারফত প্রদত্ত হইল তার নাম ও ঠিকানা: এর নিম্নে উৎসে কর্তনকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, যদি থাকে, সার্কেল এবং কমিশনারেটের নাম লিখিতে হইবে। ট্রেজারি চালানের দ্বিতীয় কলামে " যে ব্যক্তির বা প্রতিষ্ঠানের পক্ষ হইতে টাকা প্রদত্ত হইল তার নাম, পদবি ও ঠিকানা" এর নিম্নে পণ্য বা সেবা সরবরাহকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, সার্কেল ও কমিশনারেটের নাম লিখিতে হইবে।

(৫) উৎসে কর্তনকারী সত্তাসমূহের মধ্যে যে সকল সত্তার লেনদেন বা তৎসংক্রান্ত বিল হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি হয়, তাহাদের উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও তাহা কোষাগারে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হইবে।

(৬) উৎসে কর্তনকারী সত্তা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট দাখিলকৃত বিলে, যাহার অনুকূলে বিল অনুমোদন করা হইয়াছে তাহার নাম ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উলেখ করিবেন এবং উলিখিত বিল পরিশোধের জন্য অনুমোদিত হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা উহা হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর কর্তন করিয়া বুক ট্রান্সফার বা অন্যবিধ স্বীকৃত পদ্ধতিতে সরকারি কোষাগারে জমা করিবেন।

(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূল কপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতাকে প্রদান করিবেন যিনি উহা ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।



## সরকার কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালনে অবহেলাকারীর দণ্ড ও সুদ

উৎসে মূল্য সংযোজন কর কর্তন এবং জমা প্রদানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী উৎসে উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও জমা প্রদানে ব্যর্থ হলে-

(১) ষান্মাসিক ২% সুদসহ প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে।

(২) উৎসে মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশিষ্ট দপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তাকে মূসক কমিশনার অনধিক ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা ব্যক্তিগত জরিমানা আরোপ করতে পারবেন।

# উৎসে মূল্য সংযোজন কর বিধিমালা, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[মূল্য সংযোজন কর]
প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ/ ১৯ জুন, ২০২১ খ্রিস্টাব্দ।

এসআরও নং-২৪০-আইন/২০২১/১৬৩-মূসক।-মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম**।-এই বিধিমালা উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।-(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন);

(খ) **"উৎসে কর্তনকারী সত্তা"** অর্থ কোনো সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানিকে বুঝাইবে;

(গ) **"পণ"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৯) এ সংজ্ঞায়িত পণ;

(ঘ) **"ফরম"** অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর দফা (জ) এ সংজ্ঞায়িত ফরম; এবং

(ঙ) **"বোর্ড"** National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬-এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।



৩। **যেসব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে।-(***)**

(২) টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত কলাম (২) এ বর্ণিত সেবার কোডের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবার বিপরীতে কলাম (৪) এ বর্ণিত হারে আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর্তন করিতে হইবে; যথা:-

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১. | [S০০১.১০ | এসি হোটেল | ১৫% |
| | S০০১.১০ | নন এসি হোটেল | ১৫% |
| | S০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ৫%] |
| ০২. | S০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | ১৫% |
| ০৩. | S০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ওয়ার্কশপ | ১৫% |
| ০৪. | S০০৩.২০ | ডকইয়ার্ড | ১৫% |
| ০৫. | S০০৪.০০ | নির্মাণ সংস্থা | ১৫% |
| ০৬. | S০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | ১৫% |
| ০৭. | S০০৮.১০ | ছাপাখানা | ১৫% |
| ০৮. | S০০৯.০০ | নিলামকারী সংস্থা | ১০% |
| ০৯. | S০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | ২% |
| ১০. | S০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা: ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% |
| | | খ) ১৬০১ বর্গফুট হইতে তদুর্ধ্ব | ৪.৫% |
| | | গ) যেকোন সাইজের পুনঃ রেজিস্ট্রেশনের ক্ষেত্রে | ২% |
| ১১. | S০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা | ১৫% |
| ১২. | S০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | ১৫% |
| ১৩. | S০২০.০০ | জরিপ সংস্থা | ১৫% |
| ১৪. | S০২১.০০ | প্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% |
| ১৫. | S০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র: (ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫%) | ৭.৫% |
| | | (খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%) | ৭.৫% |
| ১৬. | S০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | ১৫% |
| ১৭. | S০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্যমেরামত বা সার্ভিসিং-এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | ১৫% |

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | | মূসক উৎসে কর্তনের হার |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) |
| ১৮. | S০৩২.০০ | কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম | | ১৫% |
| ১৯. | S০৩৩.০০ | ইজারাদার | | ১৫% |
| ২০. | S০৩৪.১০ | অডিট ও একাউন্টিং ফার্ম | | ১৫% |
| ২১. | S০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | | ১০% |
| ২২. | S০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | | ১০% |
| ২৩. | S০৪৩.০০ | টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান সরবরাহকারী | | ১৫% |
| ২৪. | S০৪৫.০০ | আইন পরামর্শক | | ১৫% |
| ২৫. | S০৪৮.০০ | পরিবহন ঠিকাদার | (ক) পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনের ক্ষেত্রে | ৫% |
| | | | (খ) অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে | ১৫% |
| ২৬. | S০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ২৭. | S০৫০.০০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | | ১৫% |
| ২৮. | S০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | | ১৫% |
| ২৯. | S০৫১.২০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | | ১৫% |
| ৩০. | S০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ৩১. | S০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | | ১৫% |
| ৩২. | S০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী | | ১৫% |
| ৩৩. | S০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ৩৪. | S০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | | ৭.৫% |
| ৩৫. | S০৬৫.০০ | ভবন, মেঝে ও অঙ্গন পরিস্কার বা রক্ষণাবেক্ষণকারী সংস্থা | | ১৫% |
| ৩৬. | S০৬৬.০০ | লটারির টিকিট বিক্রয়কারী | | ১০% |
| ৩৭. | S০৬৭.০০ | ইমিগ্রেশন উপদেষ্টা | | ১৫% |
| ৩৮. | S০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | | ১৫% |
| ৩৯. | S০৭২.০০ | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | | ১৫% |
| ৪০. | S০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | | ৫% |
| ৪১. | S০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | | ১৫% |
| ৪২. | S০৯৯.৩০ | স্পন্সরশীপ সেবা (Sponsorship Services) | | ১৫% |
| ৪৩. | S০৯৯.৫০ | ক্রেডিট রেটিং এজেন্সি | | ৭.৫% |

(৩) অনিবন্ধিত ব্যক্তি কর্তৃক বাংলাদেশের বাহিরে অবস্থিত অনাবাসিক ব্যক্তির নিকট হইতে গৃহীত সেবার সেবামূল্য পরিশোধের সময় সংশ্লিষ্ট ব্যাংক ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিবে এবং আদায়কৃত মূসক আদায়কারী ব্যাংক যে মূসক কমিশনারেটে নিবন্ধিত সেই কমিশনারেটের অর্থনৈতিক কোডে জমা প্রদান করিবে।



(৪) নিবন্ধিত ব্যক্তির ক্ষেত্রে ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক জমা প্রদান করিয়া ট্রেজারি চালানের অনুলিপি ব্যাংকে প্রদান করিলে ব্যাংক উৎসে আদায় ব্যতীত অনাবাসিক ব্যক্তির প্রাপ্য অর্থ প্রেরণ করিবে এবং এই ক্ষেত্রে, যথাযথ ট্রেজারি চালান না থাকিলে বা প্রদেয় মূসক কম প্রদত্ত হইলে প্রযোজ্য সমুদয় মূসক ব্যাংক উৎসে আদায় করিবে ও ব্যাংক সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের অর্থনৈতিক কোডে তাহা জমা প্রদান করিবে।

(৫) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান বা নবায়নকালে বা ক্ষেত্র বিশেষে, কোনো সুবিধা সৃষ্টিকারী সেবার ক্ষেত্রে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিবে। এছাড়া, প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন, পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বণ্টন (Revenue sharing), রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনো ভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিতে হইবে।

(৬) "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" সেবার ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক ভাড়ার উপর ১৫ (পনেরো) শতাংশ হারে সমুদয় মূসক আদায় করিতে হইবে।

৪। **যোগানদারের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন।**-উৎসে কর্তনকারী কর্তৃক যোগানদার সেবার বিপরীতে উৎসে মূসক কর্তনের ক্ষেত্রে অনুসরণীয়:

(ক) "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদুর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির নিকট পণের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। সুতরাং, উৎপাদক হিসাবে নিবন্ধিত ব্যতীত অন্য সকল ব্যক্তি যাহার উৎসে কর্তনকারী সত্তার নিকট কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে পণ্য বা সেবা সরবরাহ করে তাহারা যোগানদার হিসাবে বিবেচিত হইবে। যেই সকল সেবার সুনির্দিষ্ট সংজ্ঞা রহিয়াছে সেই সকল সেবা যোগানদার হিসাবে গণ্য হইবে না;

(খ) প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত কোনো পণ্য বা সেবা যোগানদার কর্তৃক সরবরাহ প্রদানের ক্ষেত্রে যোগানদার সেবা হিসাবে সরবরাহ গ্রহণকারীকে উৎসে কর্তন করিতে হইবে; তবে প্রজ্ঞাপনে যোগানদার হিসাবে পৃথকভাবে অব্যাহতিপ্রাপ্ত সেবা উক্ত কর্তনের আওতাবহির্ভূত হিসাবে বিবেচিত হইবে; এবং
[***]

৫। **যেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না**।-[(১) উৎপাদনকারী ১৫ (পনেরো) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উলেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।]

[(১ক) কোনো সরবরাহকারী ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনেরো) শতাংশ মূসক হার উলেখপূর্বক পণ্য সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না:

তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে সরবরাহকারী কর্তৃক সর্বশেষ অর্থ-বৎসরে Integrated VAT Administration System (IVAS) হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহগ্রহীতার নিকট দাখিল করিতে হইবে:

আরো শর্ত থাকে যে, যৌক্তিক কোনো কারণে উক্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র পাওয়া না গেলে সংশিষ্ট বিভাগীয় কর্মকতার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহগ্রহীতার নিকট দাখিল করিতে হইবে।]

(২) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উলিখিত সেবা ব্যতীত অন্য কোনো সেবার ক্ষেত্রে সেবা সরবরাহকারী ফরম মূসক-৬.৩ এর মাধ্যমে সেবা সরবরাহ করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৩) জ্বালানি তেল, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিষেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৪) আইনের প্রথম তফসিলে উলিখিত পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।



(৫) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ২১ এর আওতায় শূন্যহার বিশিষ্ট সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৬) বিধি (৩) এর উপ-বিধি (২) এ বর্ণিত ছকে উলিখিত বিজ্ঞাপনী সংস্থা এবং টেলিভিশন ও অনলাইন সম্প্রচার মাধ্যমে অনুষ্ঠান শীর্ষক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

[(৭) আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনেরো) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক রাজস্ব কর্মকর্তা প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

(৮) ইস্যুকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) সরবরাহ গ্রহীতার নাম ও নিবন্ধন নম্বর উলেখ থাকা সাপেক্ষে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।]

৬। **উৎসে মূসক কর্তনকারীর করণীয়**।-(১) সরবরাহকারী কর চালানপত্র (ফরম মূসক-৬.৩) জারি না করিলে, উৎসে কর কর্তনকারী সত্তা সরবরাহকারীর নিকট হইতে কোনো সরবরাহ গ্রহণ করিবে না এবং সরবরাহকারীকে উক্ত সরবরাহের বিপরীতে কোনো মূল্য পরিশোধ করিবে না:

[তবে শর্ত থাকে যে, সরবরাহ গ্রহীতা, প্রযোজ্য ক্ষেত্রে, তালিকাভুক্ত নহে বা অনিবন্ধিত এইরূপ কোনো ব্যক্তির নিকট হইতে সরবরাহ গ্রহণ করিয়া থাকিলে প্রযোজ্য মূসক পরিশোধে সরবরাহগ্রহীতা দায়ী থাকিবেন।]

(২) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতা নিবন্ধিত হইলে-

[(ক) সরবরাহ গ্রহীতা উৎসে কর্তনকৃত বা আদায়কৃত মূসক পণ পরিশোধ সংশিষ্ট কর মেয়াদ সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করিবেন;]

(খ) উৎসে কর্তিত মূসক সংশিষ্ট কর মেয়াদের দাখিলপত্রে বৃদ্ধিকারী সমন্বয় করিবেন ও নিট প্রদেয় করের বিপরীতে ট্রেজারি চালানের মাধ্যমে জমাকৃত উৎসে কর্তিত মূসক সমন্বয়পূর্বক অবশিষ্ট অর্থ, যদি থাকে, নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা করিবেন;

(গ) উৎসে কর্তিত মূসক দফা (ক) অনুযায়ী জমা প্রদানপূর্বক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূলকপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(৩) উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতা মূসক নিবন্ধিত না হইলে সরবরাহকারীকে পণ পরিশোধের ১৫ (পনেরো) দিনের মধ্যে উৎসে কর্তিত মূসক নির্ধারিত অর্থনৈতিক কোডে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূলকপি সংশিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন।

(৪) উৎসে কর্তনকারী উৎসে কর্তিত মূসক জমা প্রদানের জন্য ট্রেজারি চালানে অর্থনৈতিক কোড "১/১১৩৩/উৎসে কর্তনকারীর সংশিষ্ট কমিশনারেটের কোড/০৩১১" লিখিতে হইবে। কমিশনারেটের কোডসমূহ হইল: ঢাকা (পূর্ব) ০০৩০, ঢাকা (পশ্চিম) ০০৩৫, ঢাকা (উত্তর) ০০১৫, ঢাকা (দক্ষিণ) ০০১০, চট্টগ্রাম ০০২৫, কুমিলা ০০৪০, সিলেট ০০১৮, রাজশাহী ০০২০, রংপুর ০০৪৫, যশোর ০০০৫, এবং খুলনা ০০০১। এলটিইউ (মূসক) কমিশনারেটের অর্থনৈতিক কোড ১/১১৩৩/০০০৬/০৩১১। ট্রেজারি চালানের প্রথম কলামে "যার মারফত প্রদত্ত হইল তার নাম ও ঠিকানা: এর নিম্নে উৎসে কর্তনকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, যদি থাকে, সার্কেল এবং কমিশনারেটের নাম লিখিতে হইবে। ট্রেজারি চালানের দ্বিতীয় কলামে "যে ব্যক্তির বা প্রতিষ্ঠানের পক্ষ হইতে টাকা প্রদত্ত হইল তার নাম, পদবি ও ঠিকানা" এর নিম্নে পণ্য বা সেবা সরবরাহকারীর নাম, ঠিকানা, মূসক নিবন্ধন নম্বর, সার্কেল ও কমিশনারেটের নাম লিখিতে হইবে।

(৫) উৎসে কর্তনকারী সত্তাসমূহের মধ্যে যে সকল সত্তার লেনদেন বা তৎসংক্রান্ত বিল হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তি হয়, তাহাদের উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও তাহা কোষাগারে পরিশোধ সংক্রান্ত কার্যক্রম সংশিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হইবে।
(৬) উৎসে কর্তনকারী সত্তা হিসাবরক্ষণ কর্মকর্তার নিকট দাখিলকৃত বিলে, যাহার অনুকূলে বিল অনুমোদন করা হইয়াছে তাহার নাম ও ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা উল্লেখ করিবেন এবং উলিখিত বিল পরিশোধের জন্য অনুমোদিত হইলে হিসাবরক্ষণ কর্মকর্তা উহা হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর কর্তন করিয়া বুক ট্রান্সফার বা অন্যবিধ স্বীকৃত পদ্ধতিতে সরকারি কোষাগারে জমা করিবেন।

(৭) হিসাবরক্ষণ কর্মকর্তা বিল পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ফরম মূসক-৬.৬ এ তিন প্রস্থে উৎসে কর কর্তন সনদপত্র ইস্যু করিয়া উহার মূল কপি ও ট্রেজারি চালানের মূল কপি সংশ্লিষ্ট মূসক সার্কেলে দাখিল করিবেন, একটি অনুলিপি সরবরাহকারীকে প্রদান করিবেন এবং একটি অনুলিপি উৎসে মূসক কর্তনকারী সত্তা বা সরবরাহগ্রহীতাকে প্রদান করিবেন যিনি উহা ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

৭। **সরবরাহকারীর করণীয়**।-(১) সরবরাহকারীকে পণ্য বা সেবা সরবরাহকালে ফরম মূসক-৬.৩ এ কর চালানপত্র ইস্যু করিতে হইবে।

(২) দাখিলপত্র ফরম মূসক-৯.১ এর "অংশ-৩: সরবরাহ প্রদান-প্রদেয় কর" এ মূল্য এবং মূসকের পরিমাণ বা সুনির্দিষ্ট করের পরিমাণ উলেখ করিতে হইবে।

(৩) উৎসে কর্তনকারী সত্তার নিকট হইতে ফরম মূসক-৬.৬ এ উৎসে কর্তন সনদপত্র প্রাপ্তি সাপেক্ষে দাখিলপত্রে উৎসে কর্তিত মূসকের সমপরিমাণ বা সুনির্দিষ্ট কর হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবে এবং প্রদেয় কলামে উৎসে কর্তিত সেবা মূল্য ও মূসক উল্লেখ করা না হইলে সেবা সরবরাহকারী হ্রাসকারী সমন্বয় গ্রহণ করিতে পারিবেন না।

(৪) যে কর মেয়াদে কোনো সরবরাহের বিপরীতে মূল্য পরিশোধ করা হয়, সেই কর মেয়াদে বা সেই কর মেয়াদের [পরবর্তী ৩ (তিন) কর মেয়াদে] উক্ত সমন্বয় সাধন করিতে হইবে এবং উক্ত সময়ের পর সমন্বয় দাবি তামাদি হইবে।

৮। **জরিমানা, সুদ ইত্যাদি**।-(১) উৎসে কর কর্তনকারী সত্তা এবং সরবরাহকারী উৎসে কর কর্তন এবং সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য যৌথ ও পৃথকভাবে দায়ী থাকিবে।

(২) উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও মূসক কর্তন করা না হইলে, আইনের ধারা ৮৫ এর উপ-ধারা (১ক) এবং ধারা ১২৭ এর বিধান অনুযায়ী মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, কর্তিত মূল্য সংযোজন কর জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৯। **বিবিধ।**-(১) কেন্দ্রীয় নিবন্ধিত প্রতিষ্ঠান সমূহের শাখা বা বিক্রয়কেন্দ্র তাহাদের [কেন্দ্রীয়ভাবে নিবন্ধিত ইউনিটের] মাধ্যমে উৎসে কর্তিত মূসক জমা প্রদান করিবে।

(২) উৎসে কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও মূসক কর্তন করা না হইলে, আইনের ধারা ৮৫ এর উপ-ধারা (১ক) এবং ধারা ১২৭ এর বিধান অনুযায়ী মূল্য সংযোজন কর কর্তনকারী ব্যক্তি, কর্তিত মূল্য সংযোজন কর জমা প্রদানে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নির্বাহী কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(৩) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হইবার পূর্বে চুক্তিবদ্ধ কিন্তু মূল্য পরিশোধিত হয় নাই এমন সরবরাহের ক্ষেত্রে পরিশোধকালীন সময়ে প্রযোজ্য বিধান প্রযোজ্য হইবে।

১০। **রহিতকরণ ও হেফাজত।**-(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে উৎসে মূল্য সংযোজন কর কর্তন আদায় বিধিমালা, ২০২০ এতদ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীনকৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী ফরিদ উদ্দীন)
প্রথম সচিব (মূসক নীতি)



BANGLADESH CUSTOMS & VAT

কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট
কুমিল্লা কর্তৃক প্রশিক্ষণ কার্যে মুদ্রিত